**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যের লোকসভা নির্বাচনে ভোট গণনার জন্য গণনা কর্মীদের প্রশিক্ষণ আজ থেকে শুরু হয়েছে ।**

**(২) বরিষ্ঠ বিজেপি নেতা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তরপ্রদেশের বারানসী কেন্দ্র থেকে মনোনয়নপত্র জমা দিয়েছেন ।**

**(৩) কেন্দ্রীয় গৃহ মন্ত্রক সাইবার প্রতারণা সম্পর্কে জনগণকে সচেতন করেছে ।**

**(৪) সদরের আন্তঃ স্কুল ক্রিকেট প্রতিযোগিতায় আজ অনুষ্ঠিত তিনটি খেলায় ভবনস্ ত্রিপুরা বিদ্যামন্দির, রবিশংকর স্কুল ও বিদ্রোহী কবি নজরুল বিদ্যাভবন জয়লাভ করেছে ।**

*******************************************

**Counting-Trainning :**

রাজ্যের লোকসভা নির্বাচনে ভোট গণনার জন্য গণনা কর্মীদের প্রশিক্ষণ আজ থেকে শুরু হয়েছে। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার তথা পশ্চিম জেলা শাসক বিশাল

কুমার জানিয়েছেন, আজ আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে ২০০ জন ভোট গণনা কর্মীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তিনি জানান, পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের ভোট গণনার জন্য মোট ৪০০ জন ভোট কর্মীকে প্রশিক্ষণ দেওয়া হবে। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে মোট সাতটি স্থানে ৩০টি গণনা কেন্দ্রে ভোট গণনা করা হবে। এরমধ্যে আগরতলার উমাকান্ত একাডেমিতে ১৪টি হলে ভোট গণনা করা হবে বলে তিনি জানান।

এদিকে, পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার তথা ধলাই জেলার জেলা শাসক সাজু ওয়াহিদ এ জানিয়েছেন, পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের গণনা কর্মীদের নিয়োগ ও প্রশিক্ষণ আগামী সপ্তাহে শুরু হবে। এই লোকসভা আসনের অধীন ৩০টি বিধানসভা আসনের জন্য ৩০টি গণনা কেন্দ্র রয়েছে এবং পোস্টাল ব্যালট গণনার জন্য ধলাই জেলার আমবাসায় একটি গননাকেন্দ্র খোলা হবে বলে তিনি জানান।

*******************************

**7th Phase Nomination :**

লোকসভা নির্বাচনে সপ্তম তথা শেষ পর্যায়ের মনোনয়নপত্র জমা দেবার আজ ছিল শেষ দিন। এই পর্যায়ে ৭টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে ৫৭টি লোকসভা আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। উত্তর প্রদেশ এবং পাঞ্জাবে ১৩টি, পশ্চিমবঙ্গে ৯টি, বিহারে ৮টি, উড়িষ্যাতে ৬টি, হিমাচল প্রদেশে ৪টি, ঝাড়খন্ডে ৩টি এবং কেন্দ্রশাসিত চন্ডিগড়ে ১টি আসনে ভোট নেয়া হবে। মননন্ত্রপত্রগুলি স্ক্রুটিনি করা হবে আগামীকাল। শুক্রবার

মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। সপ্তম তথা শেষ পর্যায়ে ভোট নেয়া হবে আগামী পয়লা জুন।

*************************

**PM Nomination :**

বরিষ্ঠ বিজেপি নেতা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তরপ্রদেশের বারানসী কেন্দ্র থেকে মনোনয়নপত্র জমা দিয়েছেন। সপ্তম তথা শেষ পর্যায়ের নির্বাচনে এই বারানসী আসনে ভোট গ্রহণ করা হবে। আজই ছিল মনোনয়নপত্র জমা দেবার শেষদিন। মনোনয়নপত্র জমা দেবার আগে কাশীর কোতোয়াল কালভৈরবের মন্দিরে প্রধানমন্ত্রী পুজো দেন। মনোনয়নপত্র জমা দেবার সময় শরিক দলের নেতাদের মধ্যে চন্দ্রবাবু নাইডু, একনাথ সিন্ধে, জিতেন রাম মাঝি, রামদাস আথাওয়ালে সহ বিজেপি জাতীয় দলের সভাপতি জে পি নাড্ডা এবং বরিষ্ঠ নেতৃবর্গের মধ্যে রাজনাথ সিং, হরদ্বীপ সিং পুরী প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন।

ইন্ডি জোটের পক্ষ থেকে কংগ্রেস প্রার্থী অজয় রায় এই আসনে প্রধানমন্ত্রীর বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

***************************

**ECI Complain :**

নির্বাচন কমিশন আজ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে যে, এপর্যন্ত নির্বাচনী বিধিভঙ্গের অভিযোগে দায়ের করা প্রায় ৯০ শতাংশ ঘটনার নিষ্পত্তি হয়ে গেছে। কংগ্রেস ও বিজেপি ছাড়া অন্যান্য রাজনৈতিক দলগুলির তরফ থেকে কোনো বড় ধরনের অভিযোগ

আর অবশিষ্ট নেই। কমিশন জানিয়েছে, ৪২৫টি বড় ধরনের অভিযোগ নথিভুক্ত হয়েছিল রাজনৈতিক দল ও প্রার্থীদের পক্ষ থেকে যার মধ্যে ৪০০টি অভিযোগের নিষ্পত্তি হয়েছে। কমিশন আরো জানিয়েছে, কংগ্রেসের ১৭০, বিজেপির ৯৫ জন এবং অন্যান্য রাজনৈতিক দলের পক্ষ থেকে ১৬০ জন অভিযোগ জানায়।

*******************************

**Petrol Diesel :**

রাজ্যে পর্যাপ্ত পরিমানে পেট্রোল ডিজেল মজুত রয়েছে। ইতিমধ্যে পেট্রোল ও ডিজেল নিয়ে আরও একটি পণ্যবাহী ট্রেন ধর্মনগরে ইন্ডিয়ান ওয়েল কর্পোরেশনের ডিপোতে পৌঁছে গেছে। আই ও সি এল-এর ষ্টেট লেভেল কো-অর্ডিনেটর প্রমিত ধর এই সংবাদ জানিয়েছেন। তিনি জানান, রাজ্যে গড়ে প্রতিদিন ২৬৫ কিলোলিটার পেট্রোল প্রয়োজন। পাম্পগুলোতে চাহিদা অনুযায়ী পেট্রোল সরবরাহ করা হচ্ছে। দু এক দিনের মধ্যে পাম্পগুলোতে পেট্রোল-ডিজেলের মজুত স্বাভাবিক হবে বলে তিনি আশা করেন। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে রাজ্য সরকারের পক্ষ থেকে পেট্রোল পাম্পগুলোতে পেট্রোলের ক্ষেত্রে যে রেশনিং পদ্ধতি চালু করা হয়েছিল তা এখনও অব্যাহত রয়েছে। আজও আগরতলা শহরের কয়েকটি পেট্রোল পাম্পে পেট্রোল ডিজেলের জন্য দীর্ঘ লাইন দেখা গেছে।

*****************************

**Petrol-Diesel-Sabroom :**

সাব্রুম মহকুমার চারটি পাম্পেই আজ থেকে পেট্রোল-ডিজেলের সরবরাহ স্বাভাবিক হয়েছে। সাব্রুমের মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত আজ এখবর জানিয়ে বলেন, মহকুমায় আজও রেশনিং ব্যবস্থা চালু রাখা হয়েছে। তবে আগামী দুইদিনের মধ্যে রেশনিং ব্যবস্থা তুলে দেওয়া হতে পারে।

**************************

**Lokayukta Meeting :**

তেলিয়ামুড়া মহকুমার কল্যাণপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আজ ত্রিপুরা লোকায়ুক্ত বিষয়ে এক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রে উপস্থিত ছিলেন ত্রিপুরা লোকায়ুক্ত প্রধান কল্যাণ নারায়ণ ভট্টাচার্য, রেজিস্টার ডঃ বিদ্যুৎ কুমার রায়, তেলিয়ামুড়ার মহকুমা শাসক শীর্ষেন্দু দেববর্মা, কল্যাণপুর ব্লক আধিকারিক কীর্তিকা সাহা, কল্যাণপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অধ্যক্ষ, শিক্ষক শিক্ষিকা ও ছাত্রছাত্রীরা। জনপ্রতিনিধি থেকে শুরু করে সরকারি কার্যালয়ের আধিকারিক ও কর্মচারীরা কোন দুর্নীতিতে জড়িত থাকলে তাদের বিরুদ্ধে কিভাবে লোকায়ুক্তে অভিযোগ করতে হয় সে বিষয়ে বিস্তৃত আলোচনা করেন ত্রিপুরা লোকায়ুক্ত প্রধান কল্যাণ নারায়ণ ভট্টাচার্য।

******************************

**Boat movement stopped in Rudrasagar :**

রুদ্রসাগর উদ্বাস্তু ফিশারম্যান সমবায় সমিতির সম্পাদক পরমেশ্বর দাস জানিয়েছেন, সমবায় সমিতি ও রাজ্য পর্যটন দপ্তরের প্রচেষ্টায় কচুরিপানা সরিয়ে ৪-৫ দিনের মধ্যে স্বাভাবিক হবে রুদ্রসাগরের নৌকা চলাচল। তিনি জানান, রুদ্রসাগরে নৌকা

চলাচলের ক্যানেলে কচুরিপানা ভর্তি হয়ে যাওয়ায় এই সমস্যার সৃষ্টি হয়েছে। এ অবস্থায় পর্যটকরা মেলাঘরের রাজঘাট থেকে রাজ্যের অন্যতম পর্যটন কেন্দ্র নীরমহল পরিদর্শনে যেতে পারছেন না।

*****************************

**Review meeting :**

আগরতলা পুর নিগমের ৩৩ নং ওয়ার্ড অফিসে আজ এলাকার আশা কর্মীদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে আশা কর্মীদের কাজের পর্যালোচনা সহ বিভিন্ন সমস্যা সমাধানের বিষয়ে আলোচনা করা হয়। তাছাড়া আভা কার্ডের বিষয়েও বৈঠকে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন কর্পোরেটর অভিজিৎ মল্লিক।

**************************

**Home Ministry Warns against fraudster :**

গৃহ মন্ত্রকের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে যে, পুলিশ, সিবিআই, নার্কোটিক্স ডিপার্টমেন্ট, রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ইডি বা অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাগুলির নাম ভাঁড়িয়ে কিছু প্রতারক চক্র সাধারণ মানুষকে প্রতারনার ফাঁদে ফেলছে। মন্ত্রক জানিয়েছে, এবিষয়ে এক বিশাল সংখ্যক অভিযোগ জাতীয় সাইবার ক্রাইম রিপোর্টিং পোর্টালে জমা পড়েছে। মন্ত্রক জানিয়েছে, এই সাইবার ক্রাইমের ফাঁদে পড়ে আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছেন অনেক মানুষ। সেইজন্য এই ধরনের কোন অপরাধ সংক্রান্ত বিষয়ে অভিযোগ দায়ের করতে

হলে ১৯৩০ বা www.cybercrime.gov.in এই হেল্পলাইন নাম্বারে অভিযোগ জানাতে বলা হয়েছে।

******************************

**Prisoner escaped :**

বিশালগড় কেন্দ্রীয় কারাগার থেকে আজ সকালে স্বর্ন কুমার ত্রিপুরা নামে এক সাজাপ্রাপ্ত কয়েদি পালিয়ে যায়। ঘটনার খবর পেয়ে আই জি প্রিজন আবুলা রমেশ রেড্ডি ঘটনাস্থলে ছুটে যান। শ্রী রেড্ডি আকাশবাণীকে জানান ওই কয়েদি একটি হত্যা মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত। তিনি আরো জানান কেন্দ্রীয় সংশোধনাগারের সার্বিক নিরাপত্তা পরিস্থিতি পর্যালোচনা করা হয়েছে। কয়েদী পালিয়ে যাওয়ার ঘটনা সম্পর্কে বিস্তারিত রিপোর্ট পেশ করার জন্য সংশোধনাগার কর্তৃপক্ষকে নির্দেশ দেন আই জি প্রিজন।

******************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তারিত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

******************************

**Mushroom Cultivation :**

খোয়াই চেবরীস্থিত দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রে বিজ্ঞানসম্মতভাবে মাশরুম চাষ এবং এর বীজ উৎপাদন সহ কৃষকদের প্রশিক্ষণের ধারাবাহিক ব্যবস্থায় গোটা জেলার মাশরুম চাষীরা দারুণভাবে উপকৃত হচ্ছেন। খোয়াই দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানী ডক্টর সুরেশ চন্দ্র বিশ্বাস জানিয়েছেন, ২০১২ সাল থেকে এই কৃষি বিজ্ঞান কেন্দ্রে মাশরুম বীজ উৎপাদন, মাশরুম চাষ এবং কৃষকদের হাতে-কলমে প্রশিক্ষণের ব্যবস্থা শুরু হয়েছে। খোয়াই কৃষি বিজ্ঞান কেন্দ্র থেকে সরকারি মূল্যে প্রতিবছর অন্যান্য কৃষিবিজ্ঞান কেন্দ্রে মাশরুম বীজ সরবরাহ করা হচ্ছে। স্বল্প খরচে মাশরুম চাষ করে খোয়াই জেলার বহু চাষী আজ ভালো অর্থও উপার্জন করছেন। খোয়াই কৃষি বিজ্ঞান কেন্দ্রে বিজ্ঞানী ডক্টর সুরেশ চন্দ্র বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন, সাধারণ মানুষও মাশরুম চাষে এগিয়ে আসতে পারেন। তাদের ক্ষেত্রে মাশরুমের বীজ প্রদান, সঠিক প্রশিক্ষণ ইত্যাদি এই কৃষি বিজ্ঞান কেন্দ্রে বিনামূল্যে দেবার ব্যবস্থা রয়েছে।

**********************************

**Mohila Congress :**

রাজ্যে নারী নির্যাতনের ঘটনা দিন দিন বেড়েই চলেছে বলে অভিযোগ করেছেন প্রদেশ মহিলা কংগ্রেসের সাধারণ সম্পাদিকা শ্রেয়সী লস্কর। নারী নির্যাতনের ঘটনায় জড়িতদের শাস্তির দাবিতে আজ আগরতলা পশ্চিম মহিলা থানার সামনে বিক্ষোভ প্রদর্শন করেন মহিলা কংগ্রেস নেতৃত্ব।

*****************************

**Immunization :**

কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে আজ রুটিন টিকাকরণ বিষয়ে আজ এক বৈঠক অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার C.M.O ডাঃ শীর্ষেন্দু চাকমা, জেলা প্রতিষেধক আধিকারিক ডাঃ সন্দীপন ভট্টাচার্য প্রমুখ। সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে টিকাদানের হার, টিকাদানে জনগণকে উদ্‌ধুদ্ধকরণ ও আনুষঙ্গিক বিষয় নিয়ে এখানে আলোচনা ও মতবিনিময় করা হয়।

****************************

**CPIM :**

সিপিআইএম পশ্চিম ত্রিপুরা জেলা কমিটির উদ্যোগে বিভিন্ন দাবিতে আজ আগরতলা শহরে মিছিলের আয়োজন করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন পথ পরিক্রমার পর আগরতলার ওরিয়েন্ট চৌমুহনিতে এক পথসভায় মিলিত হয়। এই পথসভায় বক্তব্য রাখতে গিয়ে সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী রাজ্যের সার্বিক পরিস্থিতি উল্লেখ করে উদ্বেগ প্রকাশ করেন এবং রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেন। তিনি অবিলম্বে পানীয় জল ও বিদ্যুৎ সংকট নিরসন করতে এবং গ্রাম পাহাড়ে নিয়মিতভাবে রেগার কাজ প্রদান করার দাবি জানান।

****************************

**Loknath Tirodhan Diwas :**

আগামী দোসরা জুন লোকনাথ বাবার ১৩৪তম তিরোধান উৎসব উপলক্ষে লক্ষীনারায়ণ বাড়িস্থিত লোকনাথ মন্দির কর্তৃপক্ষ বিভিন্ন

কর্মসূচি গ্রহণ করেছে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে একথা জানান উৎসব কমিটির কনভেনর বিপ্লব দাস।

*******************************

**Inter School Cricket :**

সদরের আন্ত: স্কুল ক্রিকেট প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত তিনটি খেলায় ভবনস্ ত্রিপুরা বিদ্যামন্দির, রবিশংকর স্কুল ও বিদ্রোহী কবি নজরুল বিদ্যাভবন জয়লাভ করেছে। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে অনুষ্ঠিত সকালের খেলায় ভবনস্ ত্রিপুরা বিদ্যামন্দির ৯ উইকেটে ডুকলী মধুবন স্কুলকে এবং একই মাঠে দুপুরের খেলায় রবিশংকর স্কুল ৩২ রানে ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম স্কুলকে পরাজিত করে। এদিকে, তালতলা মাঠে অপর খেলায় বিদ্রোহী কবি নজরুল বিদ্যাভবন ৬ উইকেটে মহাত্মা গান্ধী মেমোরিয়াল স্কুলকে হারিয়ে দেয়।

******************************

**Inter School Cricket Tournament-Santirbazar :**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত আন্ত: স্কুল ক্রিকেট টুর্নামেন্টের আজকের ম্যাচে উত্তর তৈখামা দ্বাদশ স্কুল ২৫৬ রানের বিশাল ব্যবধানে বকাফা আশ্রম ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুলকে পরাজিত করে। বাইখোড়া মাঠে টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে বিজয়ী দল উত্তর তৈখামা দ্বাদশ স্কুল সবকটি উইকেট হারিয়ে ৪০ ওভার ১ বলে ২৯৮ রান সংগ্রহ করে। জবাবে খেলতে নেমে বকাফা আশ্রম সবকটি উইকেট হারিয়ে ১৪ ওভার ১ বলে মাত্র ৪২ রান সংগ্রহ করে।

****************************

**Weather :**

আগমীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ছত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ছত্রিশ দশমিক ছয় ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের দক্ষিণ, পশ্চিম এবং সিপাহীজলা জেলায় বিক্ষিপ্তভাবে গরম এবং বাতাসে আর্দ্র প্রবাহ থাকবে বলে আবহাওয়া দপ্তর সতর্কতা জারি করেছে।

****************************